# বৃত্তির গেজেট

[রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা]

## এসএসসি পরীক্ষা-২০২৫

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা**

সেপ্টেম্বর ৪, ২০২৫

CamScanner

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা । ফোন : ০২৩৩৪৪০৬৩২৮

website : www.comillaboard.gov.bd E-mail : comillaboard@gmail.com


নং-বৃত্তি-মাধ্য/২০২৫/৭৪০ তারিখ :০৪/০৯/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিষয় : ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফলাফলের (জিপিএ) ভিত্তিতে এই বোর্ডের 'মেধাবৃত্তি' ও 'সাধারণ বৃত্তি' প্রদানের নিমিত্তে চূড়ান্ত তালিকা প্রকাশ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০১.২১-২৭২/১০ তারিখ : ২১/০৮/২০২৫ খ্রি.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- (i) ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২ তারিখ : ০৪/০২/২০১৬, (ii) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-৪০২ তারিখ : ১১/০৫/২০১৫ এবং (iii) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫.৭৪১ তারিখ:১৪/০৮/২০১৪ সংখ্যক প্রজ্ঞাপন অনুসরণ করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা কর্তৃক ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফলাফলের ভিত্তিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে নিম্নবর্ণিত নিয়মিত শিক্ষার্থীদের ''মেধাবৃত্তি'' ও ''সাধারণ বৃত্তি'' প্রদান করা হলো। এ বৃত্তির অর্থ প্রদানের সময় নিম্নে বর্ণিত শর্তাবলী অবশ্যই মেনে চলতে হবে।

## শর্তাবলী

১. (ক) বৃত্তির গেজেটে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, সে প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা হয়েছে এবং ঐ প্রতিষ্ঠানের অধ্যক্ষ বা প্রধান শিক্ষকের প্রত্যয়নপত্র গ্রহণ করে ভর্তিকৃত প্রতিষ্ঠানে জমাপূর্বক বিধি মোতাবেক বৃত্তির অর্থ উত্তোলন করতে হবে।

(খ) সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সদাচরণ, শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত উপস্থিতি ও সন্তোষজনক পাঠোন্নতি সাপেক্ষে বৃত্তি প্রদান ও তা অব্যাহত রাখা হবে।

(গ) কোন শিক্ষার্থী উচ্চমাধ্যমিক শ্রেণিতে অধ্যয়নের জন্য অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি না হলে বৃত্তি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে না।

(ঘ) এই বৃত্তিগুলোর সংখ্যা, হার ও মেয়াদ আপাতত নির্ধারিত। প্রয়োজনবোধে সরকার কোনো কারণ না দেখিয়েই তা পরিবর্তন বা বাতিল করতে পারবে।

২. বাংলাদেশের অভ্যন্তরে সরকার/বোর্ড হতে মঞ্জুরী (অনুমোদন) প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বৃত্তি কার্যকর হবে। অননুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে এই বৃত্তি কোনোক্রমেই কার্যকর হবে না। সরকারি আইন অনুযায়ী অননুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী বৃত্তি পাওয়ার যোগ্য নয় এবং অননুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নকাল পাঠ বিরতি (ব্রেক অব স্টাডি) হিসেবে গণ্য হবে।

৩. সকল বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী বিনা বেতনে অধ্যয়নের সুযোগ লাভ করবে। সরকার অনুমোদিত কোনো শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে মাসিক বেতন দাবি করতে পারবে না। তাদের নিকট মাসিক বেতন দাবি করলে ঐ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. (ক) মেধাবৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী মাসিক ৬০০/- (ছয়শত) টাকা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী মাসিক ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা হারে বৃত্তি পাবে।

(খ) বইপত্র ও যন্ত্রপাতি ক্রয় করার জন্য অনুদান হিসেবে মেধাবৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী প্রতি বৎসর ৯০০/- (নয়শত) টাকা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী প্রতি বৎসর ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা এককালীন অর্থ সাহায্য পাবে।

৫. ''মেধাবৃত্তি'' ও ''সাধারণ বৃত্তি'' সরকারি নির্দেশনামতে ছাত্র-ছাত্রী উভয়ের মধ্যে ৫০% হারে বণ্টনকৃত। এ বৃত্তিগুলোর মেয়াদ হবে ২০২৫ সালের জুলাই মাস হতে ২০২৭ সালের জুন মাস পর্যন্ত মোট ০২(দুই) বৎসর।

৬. (ক) সকল বৃত্তিই নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে মেধানুসারে এবং নীতিমালার অন্যান্য শর্ত মোতাবেক প্রদান করা হয়েছে। কোনভাবেই অনিয়মিত শিক্ষার্থীরা বৃত্তি পায়নি বা পাবেও না।

(খ) সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৭. যে সকল শিক্ষার্থী একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে, এ বিজ্ঞপ্তি অনুসারে তাদের বৃত্তির টাকা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে এরূপ নিজ নিজ শিক্ষার্থীদের স্বীকারোক্তি এবং অপর শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বাতিলের সত্যায়িত কপিসহ প্রকৃত অধ্যয়নস্থল সম্পর্কে অতি সত্বর বোর্ডকে জানাতে হবে, যাতে বোর্ড হতে বৃত্তির টাকা তোলার চূড়ান্ত নির্দেশ নিয়ে ৩০ শে জুন, ২০২৭-এর মধ্যে টাকা সংশ্লিষ্ট শিক্ষার্থীদের দিতে পারেন। অন্যথায় প্রয়োজনীয় অনুমতির অভাবে এরূপ শিক্ষার্থীদের বৃত্তির টাকা সময়মত তোলা না গেলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণই দায়ী থাকবেন।

CamScanner

৮. বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী ছাড়পত্র নিয়ে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হলে তৎক্ষণাৎ প্রতিষ্ঠান দুটির প্রধানগণ বৃত্তি বদলির ব্যাপারে নিম্নলিখিত তথ্যাদিসহ বোর্ডকে জানাবেন, অন্যথায় প্রয়োজনীয় অনুমতির অভাবে সংশ্লিষ্ট বৃত্তির টাকা সময়মত উত্তোলন করা না গেলে সে জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণই দায়ী থাকবেন।

বৃত্তি বদলীর বিষয়ে প্রেরিতব্য তথ্য:

ক) বৃত্তির টাকা উত্তোলন ও প্রদান সম্পর্কীয় পূর্ণ বিবরণ;

খ) যে বোর্ড হতে বৃত্তি দেওয়া হয়েছে তার নাম, বৃত্তির প্রকার এবং যে বিজ্ঞপ্তি মারফত বৃত্তি প্রদান করা হয়েছে তার নম্বর, তারিখ ও পৃষ্ঠা নম্বরসহ বৃত্তির ক্রমিক নম্বর ও সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর রোল নম্বর;

গ) পূর্বতন প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত অনুলিপি।

৯. এই বিজ্ঞপ্তিতে বৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীগণ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান অথবা অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অন্য কোনো বৃত্তি গ্রহণ করলে বোর্ড কর্তৃক প্রদত্ত বৃত্তি বাতিল বলে গণ্য হবে। সরকারি নির্দেশ অনুসারে কোনো শিক্ষার্থী একসাথে একাধিক বৃত্তি ভোগ করতে পারবে না;

১০. সরকারি আদেশ মোতাবেক বৃত্তি পাওয়ার যোগ্যতা- সর্বনিম্ন জিপিএ: ৩.০০। বৃত্তির তালিকা প্রস্তুতের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো পর্যায়ক্রমে অনুসরণ করা হয়েছে-

(ক) সংশ্লিষ্ট পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে (৪র্থ বিষয় ব্যতীত) বৃত্তি প্রদান করা হয়েছে।

(খ) একাধিক শিক্ষার্থী একই জিপিএ পেলে প্রথমে ৪র্থ বিষয় ব্যতীত প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম প্রস্তুত করা হয়েছে।

(গ) ৪র্থ বিষয় ব্যতীত প্রাপ্ত মোট নম্বর একই হলে ৪র্থ বিষয়সহ প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম প্রস্তুত করা হয়েছে।

(ঘ) ৪র্থ বিষয়সহ প্রাপ্ত মোট নম্বর একই হলে পর্যায়ক্রমে বাংলা, ইংরেজি ও সাধারণ গণিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হয়েছে।

১১. বৃত্তির টাকা তোলার সময় শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ শিক্ষার্থীর বৃত্তির বিলে তার পাঠোন্নতির সার্টিফিকেট প্রদান করবেন।

১২. শিক্ষার্থীদের বৃত্তির টাকা G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে।

১৩. কোনো কারণে অর্থ বছরের নির্ধারিত সময় পার হয়ে গেলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর অনুমোদনক্রমে সর্বোচ্চ ০১(এক) বছরের তামাদি (বকেয়া) বৃত্তি প্রদান করা যাবে।

১৪. বৃত্তির গেজেটে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির বরাদ্দকৃত অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে ব্যাংক হিসাবে প্রেরণের নিমিত্তে স্কুল ব্যাংকিং বা বাংলাদেশ ব্যাংকের তফসিলভুক্ত অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংকে একাউন্ট খুলে হিসাব নম্বর ভর্তিকৃত প্রতিষ্ঠানে ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে এবং এই জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করবেন।

১৫. এই বিজ্ঞপ্তিতে অনিচ্ছাকৃত কোনো ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে। প্রয়োজনবোধে কোনো রকম কারণ না দেখিয়ে কোনো বৃত্তি বোর্ড বাতিল করতে পারবে। সে কারণে বৃত্তির টাকা প্রদানের পূর্বে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ এই মর্মে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে লিখিত প্রতিশ্রুতি গ্রহণ করবেন যে, তারা বোর্ডের বৃত্তি সংক্রান্ত নিয়ম কানুন মেনে চলবে এবং প্রয়োজন হলে বৃত্তির সম্পূর্ণ অর্থ ফেরত দিতে বাধ্য থাকবে।

**১৬. ''মেধাবৃত্তি'' ও ''সাধারণ বৃত্তি'' সংক্রান্ত ব্যয় বাজেটের ''১২৫০২০১-১০৮৭৬২-৩৮২১১১৭'' বৃত্তি/মেধাবৃত্তি খাত হতে নির্বাহ করা হবে।**

১৭. বৃত্তিপ্রাপ্ত সর্বনিম্ন জিপিএ এর উর্ধে জিপিএ প্রাপ্ত কোন নিয়মিত ছাত্র-ছাত্রী যার নাম বৃত্তির তালিকায় স্থান পায়নি অথচ অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত, এরূপ ক্ষেত্রে প্রামান্য কাগজপত্রসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এ বিজ্ঞপ্তি প্রকাশের ১ (এক) মাসের মধ্যে বোর্ডকে অবহিত করতে হবে। অন্যথায় বৃত্তির দাবী গ্রহণযোগ্য হবে না।

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা এর-২১/০৮/২০২৫ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০১.২১-২৭২/১০ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বৃত্তির টাকা ১লা জুলাই ২০২৫ হতে ৩০শে জুন ২০২৭ পর্যন্ত নিয়মিতভাবে তুলে বিতরণ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অনুরোধ করা হলো।

০৪/০৯/২০২৫

(প্রফেসর মোঃ শামছুল ইসলাম)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬৩২৮

০৪/০৯/২০২৫

(প্রফেসর মোঃ নূরুন্নবী আলম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬৩৪৬

CS CamScanner

| SL.NO | ROLL NO. | NAME OF THE STUDENT | NAME OF SCHOOL |
|---|---|---|---|
| 81 | 552108 | MD FARHAN NADIM | ISPAHANI PUBLIC SCHOOL & COLLEGE |
| 82 | 552110 | ASHAB ALAM SHABAB | ISPAHANI PUBLIC SCHOOL & COLLEGE |
| 83 | 552116 | MD. ASHIL AZIM | ISPAHANI PUBLIC SCHOOL & COLLEGE |
| 84 | 552465 | SOYIBA NAJNEN EVA | GOVT. LABORATORY HIGH SCHOOL |
| 85 | 552488 | MOHAMMAD ABDULLAH | GOVT. LABORATORY HIGH SCHOOL |
| 86 | 552717 | NUSRAT JAHAN | KANESH TOLA HIGH SCHOOL |
| 87 | 552718 | MARIA AKTER MIM | KANESH TOLA HIGH SCHOOL |
| 88 | 552721 | MST. MARIA AKTER | KANESH TOLA HIGH SCHOOL |
| 89 | 552722 | TASPAIY AKTER MIM | KANESH TOLA HIGH SCHOOL |
| 90 | 552726 | MD. ALVIR HASAN | KANESH TOLA HIGH SCHOOL |
| 91 | 552812 | NUSRAT AKTER | CHOUARA GIRLS' HIGH SCHOOL |
| 92 | 552819 | SOHANA BINTA ALAM | CHOUARA GIRLS' HIGH SCHOOL |
| 93 | 552831 | MST TONIMA HANNAN MAHISHA | CHOUARA GIRLS' HIGH SCHOOL |
| 94 | 552832 | AYMAN AKTER AIVY | CHOUARA GIRLS' HIGH SCHOOL |
| 95 | 552855 | FARHANA MAZUMDER | CHOUARA GIRLS' HIGH SCHOOL |
| 96 | 552856 | ISRAT JAHAN ESHA | CHOUARA GIRLS' HIGH SCHOOL |
| 97 | 552858 | MST. LUVONA AKTTER | CHOUARA GIRLS' HIGH SCHOOL |
| 98 | 553180 | MD. SHAHRIAR NUR SABBIR | BAGMARA HIGH SCHOOL |
| 99 | 553268 | AKLIMA AKTER MOZUMDER | DOULATPUR HIGH SCHOOL |
| 100 | 553907 | MD FAHIM PARVEZ PATWARY | BARURA HAJI NOWAB ALI PILOT HIGH SCHOOL |
| 101 | 554116 | JEHADUL HASAN OMOR | ADDA UMEDIA HIGH SCHOOL |
| 102 | 554361 | ZAHEDA AKTER | SONATMURI HIGH SCHOOL,ADRA |
| 103 | 554828 | ANISHA RAHMAN | RAMMOHON TOMIZIA HIGH SCHOOL |
| 104 | 554839 | MD. SAJIB HOSEN | RAMMOHON TOMIZIA HIGH SCHOOL |
| 105 | 555036 | PARVEZ | GALIMPUR T. C. HIGH SCHOOL |
| 106 | 555125 | MD RAZIQUAL ISLAM SHIHAB | BHAGABAN GOVT. HIGH SCHOOL |
| 107 | 555126 | MEHEDI HASAN ARJO | BHAGABAN GOVT. HIGH SCHOOL |
| 108 | 555127 | MD SHADAT HOSSAIN NABIL | BHAGABAN GOVT. HIGH SCHOOL |
| 109 | 555128 | NUR MD RABIUL HASSAN | BHAGABAN GOVT. HIGH SCHOOL |
| 110 | 555129 | MD ABDULLAH | BHAGABAN GOVT. HIGH SCHOOL |
| 111 | 555130 | SHIFAT SHAHRIYAR BHUIYAN | BHAGABAN GOVT. HIGH SCHOOL |
| 112 | 555188 | MD. YOUSUF HOSSAIN | MADHAB PUR HIGH SCHOOL |
| 113 | 555189 | SK. JUBAYER AHAMED | MADHAB PUR HIGH SCHOOL |
| 114 | 555216 | MD. RAHIMUL ISLAM | SHAITSHALA ADARSHA HIGH SCHOOL AND COLLEGE |
| 115 | 555816 | MD. HABIBUL ISLAM | BURICHONG ANANDA PILOT GOVT HIGH SCHOOL |
| 116 | 555878 | MST. JANNATUL RAKIBA | PURNAMOTI MANSUR AHMED HIGH SCHOOL |
| 117 | 555902 | MOSTAKIM BHUIYAN | PURNAMOTI MANSUR AHMED HIGH SCHOOL |
| 118 | 555909 | MORSALIN | PURNAMOTI MANSUR AHMED HIGH SCHOOL |
| 119 | 555921 | MST MARIA AKTER | PIR JATRAPUR HIGH SCHOOL |
| 120 | 555946 | ASRAFUL HOSSEN | PIR JATRAPUR HIGH SCHOOL |
| 121 | 556068 | ARNOB SARKER | KARIMUDDIN KHONDKER HIGH SCHOOL, KALAKACHUA |